



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বজন  
প্রকাশনার স্থান : ময়মনসিংহ  
তারিখ : ২৯.১০.২০২৩খ্রি.

সংবাদ  
সম্পাদকীয়  
প্রবন্ধ/চিত্রপত্র

# একটি সেতুর অপেক্ষা খাড়িয়া নদীর দু'পাড়ের মানুষ



রফিক বিশ্বাস, তারাকান্দা ॥ স্বাধীনতার পর থেকে কত নেতা  
একটি সেতুর অপেক্ষা কেটে এলো আর গেল। প্রতিশ্রুতি দিতে  
গেল ৫৪ বছর। বার বার জন কেউ কারপণ্য করেননি। বিগত  
প্রতিনিধিরা প্রতিশ্রুতি দিলে নির্মাণ বিশ বছর যাবৎ চলছে মাপবোর্ড,  
হয়নি সেতু। হচ্ছে সয়েল টেস্ট। মাঝে মাঝে  
ময়মনসিংহের ফুলপুর উপজেলার আসছে ট্যান্ডার হয়ে যাওয়ার  
খড়িয়া নদীর উপর নির্মিত শিলপুর হাওয়ায়ী খবর। উপজেলা পর্যায়ের  
বাঁশতলা সংযোগ সড়কের বাশের নেতাদের উপস্থিতিতে স্থানীয়  
সাঁকো এটি। এ সাঁকো দিয়ে জনতাকে নিয়ে একাধিক বার  
প্রতিদিন স্কুল কলেজ মাদরাসার অনুষ্ঠিত হয়েছে। তার পরেও  
শতশত ছাত্র ছাত্রী সহ কয়েক কেটে গেছে বছরের পর বছর।  
হাজার মানুষ চলাচল করে। কাজের কাজ কিছুই হয়নি।  
রিকশা, অ্যান, অটো রিকশা এলাকাবাসী হতাশ, তাঁরা এখন  
মোটর সাইকেল চলে কয়েক শত। আর কোন প্রতিশ্রুতির আশ্বাসে

বিশ্বাস করেনা। এ ব্যাপারে কার্যকরি পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট  
কর্তৃপক্ষের আশু সুদৃষ্টি কামনা  
করছে খড়িয়া নদীর দু'পাড়ের  
মানুষ।



সংবাদপত্রের নাম: : দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস  
প্রকাশনার স্থান : ময়মনসিংহ  
তারিখ : ২৯.১০.২০২৩খ্রি.

সংবাদ :  
সম্পাদকীয় :  
প্রবন্ধ/চিত্রপত্র :

## ঈশ্বরগঞ্জে যুবককে কুপিয়ে হত্যার পর লাশ ফেলে যায় নদীর পাড়ে



ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) প্রতিনিধি

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলার সরিষা ইউনিয়নের কুর্শিপাড়া গ্রামে সোহেল রানা (২৫) নামে এক যুবককে উপযুপরি কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। হত্যার পর তার লাশ ফেলে যায় কাঁচামাটিয়া নদীর পাড়ে রক্তাক্ত লাশ ফেলে যায় দুর্বৃত্তরা। শনিবার সকালে নদীতে মাছ ধরতে এসে নদীর পাড়ে

একটি ক্ষতবিক্ষত মরদেহ পড়ে থাকতে দেখে স্থানীয়রা। পরে থানায় খবর দিলে ঘটনাস্থলে এসে মরদেহ উদ্ধার করে পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, পৌর এলাকার চাল বাজারে ফ্লেক্সিলোডের দোকান রয়েছে সোহেলের। তার বাড়ি উপজেলার মাইজবাগ ইউনিয়নের কুমড়াশাসন গ্রামে। সে ওই এলাকার মৃত জসিম উদ্দিনের ছেলে। বছরখানেক আগে সোহেল সঙ্গে বিয়ে হয় পৌর এলাকার মো. আবু তাহের এর মেয়ে

● পৃষ্ঠা-২ : কলাম-২

## ঈশ্বরগঞ্জে যুবককে কুপিয়ে হত্যার

মোসা. মৌসুমি আক্তার (২২) এর। বিয়ের পর থেকে বেশিরভাগ সময় শ্বশুর বাড়িতেই থাকতেন সোহেল। এ অবস্থায় সকালে শ্বশুরবাড়ি থেকে স্ত্রীকে বলে আসেন রাতে সেখানেই যাবে। এরপর শনিবার সকাল আনুমানিক সাড়ে ৭ টার দিকে স্থানীয় লোকজন কাঁচামাটিয়া নদীতে মাছ ধরতে গেলে নদীর পাড়ে একটি ক্ষতবিক্ষত মরদেহ পড়ে থাকতে দেখে। পরে থানায় খবর দিলে ঘটনাস্থলে এসে মরদেহ উদ্ধার করে পুলিশ। বিষয়টি নিশ্চিত করে আঠারবাড়ি পুলিশ ফাঁড়ির উপ-পরিদর্শক (এসআই) জাহাঙ্গীর আলম বলেন, নদীর পাড়ে এক অজ্ঞাত যুবকের লাশ পড়ে আছে এমন খবরে তারা দ্রুত সেখানে যান। পড়ে থাকা লাশের থেকে একটু দূরে হত্যায় ব্যবহৃত একটি দা উদ্ধার করেন তাঁরা। দা দিয়ে কুপানোয় মারাত্মক জখমের চিহ্নও দেখা যায় যুবকের শরীরের বিভিন্ন অংশে এবং ঘায়ে। এছাড়াও নিহত যুবকের ব্যবহৃত মোশাইল ফোন ও একটি মানিব্যাগ আলামত হিসেবে পাওয়া যায়। এদিকে লাশ উদ্ধারের খবর ছড়িয়ে পড়লে নিহতের চাচা সিদ্দিকুর রহমান পুলিশকে নিশ্চিত করেন এটি তার ভাতিজা। নিহতের স্ত্রী মোসা. মৌসুমি আক্তার জানান, তার মা অসুস্থ থাকার কারণে একমাস যাবত তিনি বাবার বাড়িতেই থাকেন। তার স্বামী সোহেলেও তাদের বাড়িতেই বেশিরভাগ থাকেন। মাঝেমাঝে বাড়িতে থাকেন। এ অবস্থায় সকালে দোকানে আসার আগে তাকে বলে আসে রাতে সেখানেই যাবেন তিনি। কিন্তু শুক্রবার রাতে একটু আগেবাগে ঘুমিয়ে পড়ায় সে আর তাঁকে কল দিতে পারেনি। সকালে উঠে ভাবেন হয়তো নিজের বাড়িতেই আছেন সোহেল। বিষয়টি নিশ্চিত হতে সকালে তাঁর স্বামীর নাখারে কল দিলে বেশ কয়েকবার রিং হলেও ফোন রিসিভ করেনি। সে ভাবে হয়তো ঘুমাচ্ছে। এ জন্য কল ধরেননি। তাছাড়া জানামতে তাঁর স্বামীর সঙ্গে কারোর কোন বিরোধ ছিলোনা বলে জানান নিহতের স্ত্রী। এদিকে খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শনে যান ঈশ্বরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) পিএসএম মোস্তাফিজুর রহমান। তিনি বলেন- দুর্বৃত্তরা যুবককে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে লাশ নদীর পাড়ে ফেলে যায়। খবর পেয়ে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। এ ব্যাপারে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।